

ডিসেম্বর /২০২০ মাসের ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ অতিরিক্ত সচিব
সভার তারিখ	৩১ই ডিসেম্বর ২০২০ খ্রিঃ
সভার সময়	বিকাল ০৪.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নের পর ইতিমধ্যে অর্ধ-বছর হয়েছে। কিন্তু করোনা প্রাদুর্ভাবের কারণে অনেক কার্যক্রম হয়ত তেমন অগ্রগতি হয়নি। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী অসম্পাদিত সকল কার্যক্রম দ্রুততার সাথে সময়মত সম্পন্ন করতে হবে। তিনি অত্র মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট-কে সভার কার্যপত্র উপস্থাপনের অনুরোধ জানান।

অত্র মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট জানান যে, ০৯-১১ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত ডিজিটাল কার্যক্রম যথাযথভাবে এবং সফলভাবে সম্পন্ন হয়েছে। ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ সেক্রেটারিয়েট-এর নির্দেশনা মোতাবেক সকল তথ্য প্রস্তুত করে স্টলে সন্নিবেশিত হয়েছে।

উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী মহামারী / আপদকাল মোকাবেলায় গৃহীত পদক্ষেপ অনুযায়ী একটি সচেতনামূলক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। ইতিমধ্যে অন্যান্য পদক্ষেপসমূহ বাস্তবায়িত হয়েছে। এছাড়া, মহামারী / আপদকাল মোকাবেলায় Do's এবং Don'ts সংক্রান্ত লিফলেট তৈরির কার্যক্রম সম্পন্ন করতে হবে।


সভায় উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং অসম্পাদিত কার্যক্রমসমূহ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

ইনোভেশন টীমের সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

- ১। মহামারী / আপদকাল (Covid-19) মোকাবেলায় Do's এবং Don'ts সংক্রান্ত লিফলেট দ্রুত মুদ্রন করতে হবে এবং বিভিন্ন প্রশিক্ষণ / কর্মশালায় তা বিতরণ করতে হবে।
- ২। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী মহামারী / আপদকাল মোকাবেলায় গৃহীত পদক্ষেপ অনুযায়ী একটি সচেতনামূলক প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে।
- ৩। কর্মপরিকল্পনা ২০২০-২০২১ নিয়মিত অবলোকন করবেন ও সেমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.১৮

তারিখ: ১২ মাঘ ১৪২৭
২৬ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) উপসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৪) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট